

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 04-12-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) নির্বাচন কমিশন এস আই আর-এর কাজের সঙ্গে যুক্ত বিএলওদের ত্রুটি মুক্ত তালিকা তৈরির জন্য উপযুক্ত উদ্যোগ নিতে বলেছে।  
মৃত ভোটারদের সম্পর্কে সঠিক তথ্য পেতে বিএলওদের রেজিস্ট্রেশন আকারে তা জানানোর নির্দেশ।
- ২) গত কয়েক মাসে বাংলাদেশী নাগরিকদের ফিরে যাওয়ার সংখ্যা লাগাতার বৃদ্ধি পেয়েছে বলে জানিয়েছে বিএসএফ।
- ৩) উচ্চ প্রাথমিকে ১৬-শো অতিরিক্ত শূন্য পদ তৈরির রাজ্যের সিদ্ধান্ত বাতিল করেছে কলকাতা হাইকোর্ট।
- ৪) রাজ্য বিভিন্ন প্রান্তে পুলকার দুর্ঘটনার প্রেক্ষিতে পরিবহণ দফতর বেশকিছু কঠোর নিয়মনীতি চালু করতে চলেছে।
- ৫) চলতি বছরের স্মার্ট ইন্ডিয়া সফটওয়্যার হ্যাকাথন গ্যান্ডি ফিনালে আগামী ৮ ও ৯-ই ডিসেম্বর দুর্গাপুর এন আই টি-তে আয়োজিত হবে।
- ৬) পাঞ্জাব এফ সি-কে ৩-১ গোলে হারিয়ে ইস্টবেঙ্গল সুপার কাপ ফুটবলের ফাইনালে উঠেছে।

খসড়া ভোটার তালিকা থেকে মৃত অনুপস্থিত স্থানান্তরিত এবং ডুপ্লিকেট ভোটারদের নাম যাতে বাদ যায় তা নিশ্চিত করতে হবে বলে নির্বাচন কমিশন পুনরায় নির্দেশ দিয়েছে। এনুমারেশন প্রক্রিয়ার শেষ লগ্নে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল বুথ লেভেল আধিকারিকদের উদ্দেশ্যে জারি করা এক বার্তায় জানিয়েছেন, যেহেতু এই পর্বের সময়সীমা বাড়িয়ে ১১ই ডিসেম্বর করা হয়েছে তাই বুথ লেভেল আধিকারিকরা কিছুটা বাড়তি সময় পাচ্ছেন। ফলে তালিকায় ইচ্ছাকৃত কোন ভুলভাষ্টি যাতে না থাকে তা নিশ্চিত করতে হবে। বি এল ওরা নির্বাচন কমিশনের ডেপুটেশনে রয়েছেন এবং সে কারণে তারা কমিশনের কাছে দায়বদ্ধ সেকথা স্মরণ করিয়ে দিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক। ইচ্ছাকৃত কোনও ভুল দেখা গেলে অভিযুক্তের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি স্পষ্ট করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

মৃত ভোটারদের সম্পর্কে সঠিক তথ্য যাতে কমিশনের হাতে আসে সেজন্য বিএলওদের এবার আলাদা ফর্মে জানাতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। মৃত, ডুপ্লিকেট, স্থানান্তরিত এবং অসংগ্রহীত ফর্মের ক্ষেত্রে পুরুষানুপুরুষ হিসেব এবার থেকে বিএলওদের রেজিলিউশন আকারে জমা দিতে হবে। তাতে স্বাক্ষর থাকবে বিএলওদের সঙ্গে বিএলএ-দেরও। ভুল তথ্য দিলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে বলে কমিশন সূত্রে খবর।

নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে ভোটকর্মী ও বিএলও এক্য মঞ্চ। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেন, অন্যায় ও দুর্নীতির আশ্রয় নেওয়া ব্যক্তিদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা না নিলে ভুল বার্তা যাবে।

নির্বাচন কমিশন সঠিকভাবে নজর না দিলে ভোটার তালিকায় অনুপবেশকারীদের নাম থেকে ঘৰে বলে মন্তব্য করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট - শুভেন্দু)

ভোটার তালিকায় কোন গোলমাল হলে তার দায়িত্ব ইআরওদের নিতে হবে বলে সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্ৰবৰ্তী মন্তব্য করেছেন। আজ সাংবাদিকদের সামনে সুজনবাবু বলেন, নির্ভুল ভোটার তালিকা তৈরির দাবি দলের তরফে নির্বাচন কমিশনের কাছে জানানো হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে রাজ্য এস আই আর প্রক্রিয়া নির্ধারিত সময়ের মধ্যেই শেষ করা যাবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী আকাশবাণীকে জানিয়েছে, নির্ধারিত সময় শেষ হওয়ার অনেক আগেই এনিউমারেশন প্রক্রিয়া প্রায় সম্পন্ন।

(Byte)

মালদা জেলা জুড়ে SIR এর কাজ নিয়ে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট -সহেলী

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দফতরের সামনে বিক্ষেপণে বিএলও অধিকার রক্ষা কমিটির সদস্যদের কর্মসূচিকে কেন্দ্র করে আজ ফের সেখানে দফায় দফায় উত্তোলন করে হয়। দফতরের বাইরে মোতায়েন পুলিশ কর্মীদের সঙ্গে ধন্তাধন্তিতে জড়িয়ে পড়েন বিক্ষেপণকারীদের একাংশ। ব্যারিকেড ঠেলে ভিতরে প্রবেশের চেষ্টা করেন। বিক্ষেপণকারীদের দাবি, মৃত বিএলও-দের পরিবারকে আর্থিক সাহায্য ও পরিবারের কোনও সদস্যকে চাকরি দিতে হবে। এর মাঝেই কয়েক জন বিএলও ব্যারিকেডে ঠেলাঠেলি শুরু করেন। বাধা দেয় পুলিশ। সেই বিষয়টিকে কেন্দ্র করে পুলিশের সঙ্গে ধন্তাধন্তি শুরু হয় বিএলও-দের একাংশের।

০০০০০০০০০০০০০০০০০০০

গত কয়েক মাসে বাংলাদেশী নাগরিকদের ফিরে যাবার সংখ্যা লাগাতার বৃদ্ধি পেয়েছে বলে বিএসএফ-এর উত্তরবঙ্গের আই জি মুকেশ ত্যাগী জানিয়েছেন। আজ শিলিগুড়িতে বিএসএফ-এর ৬১-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে উত্তরবঙ্গ ফন্টিয়ারের সদর দফতরে এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, বিএসএফ এদেশের সীমান্তে আটক বাংলাদেশীদের নিয়মমাফিক বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি-র হাতে তুলে দিচ্ছে। উত্তরবঙ্গ সীমান্ত এলাকায় অনুপ্রবেশ উল্লেখযোগ্যভাবে কমেছে বলেও শ্রী ত্যাগী জানান।

(বাইট)

পাশাপাশি চিকেন নেক এলাকায় বরাবর বিএসএফ-এর নজরদারি টহল আরও বাঢ়ানো হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

আজ শুনবেন বিশেষ আলোচনা ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে

রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

00000000000000000000

জেলা সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বহরমপুরে এক জনসভায় ভাষণ দেন। সভা মঞ্চ থেকে বিজেপি-র সমালোচনার পাশাপাশি নাম না করে হ্রাস্যুন কবীরের সাম্প্রতিক কার্যকলাপের তীব্র নিন্দা করেছেন তিনি। হ্রাস্যুনকে দলের সাসপেন্ড করার সিদ্ধান্তে আসন্ন নির্বাচনে কোন প্রভাব পড়বে না বলেও জানিয়েছেন তিনি।

জেলা সফর শেষে নবান্নে ফিরে মুখ্যমন্ত্রী আজ উচ্চ পর্যায়ের বৈঠক করেন। মুখ্য সচিব মণোজ পন্থ স্বরাষ্ট্র সচিব নদিনী চক্ৰবৰ্তী, ডিজি রাজীব কুমার সহ পুলিশ আধিকারিকরা সেখানে উপস্থিত ছিলেন।

00000000000000000000

মুশিদাবাদের ভরতপুরের বিধায়ক হ্রাস্যুন কবিরকে দল থেকে বহিকার করেছে তৃণমূল কংগ্রেস। দল বিরোধী কাজের জন্য তাঁর বিরুদ্ধে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কলকাতায় দলের তরফে এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। মুশিদাবাদের বহরমপুরে আজ মুখ্যমন্ত্রীর জনসভায় উপস্থিত থাকবেন বলে গতকাল জানিয়েছিলেন কবির। জনসভায় ঘোষণার আগেই তাঁকে বহিকারের ঘোষণা করে তাঁর দল। তাঁকে ডেকে এনে অপমান করেছে এবং তাঁর বিরুদ্ধে ঘড়্যন্ত্র করা হয়েছে বলে অভিযোগ করেছেন হ্রাস্যুন কবির। আগামী ২২ ডিসেম্বর নতুন দল প্রতিষ্ঠা করবেন বলেও দাবি করেছেন তিনি।

অন্যদিকে, হ্রাস করিবার দল থেকে বহিকারের ঘটনাকে নাটক বলে অভিহিত করেছেন রাজ্যসভা সাংসদ তথা বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

০০০০০০০০০০০০০০০০০০০

উচ্চ প্রাথমিকে কর্মশিক্ষা ও শারীর শিক্ষায় মোট ১ হাজার ৬০০ টি অতিরিক্ত শূন্যপদ তৈরি করে চাকরি দেওয়ার রাজ্যের সিদ্ধান্তকে বাতিল করেছে কলকাতা হাইকোর্ট। এরফলে উচ্চ প্রাথমিকের কর্মশিক্ষায় ৭৫০ জন এবং শারীর শিক্ষায় ৮৫০ জনকে নিয়োগের সিদ্ধান্ত বাতিল হল। ২০২২ সালের এই সংক্রান্ত ২ টি নিয়োগ বিজ্ঞপ্তি আজ বাতিল করেছেন বিচারপতি বিশ্বজিৎ বসু। তিনি বলেছেন, ১হাজার ৬০০ টি অতিরিক্ত শূন্য পদ তৈরির সিদ্ধান্ত ভুল। প্যানেলের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর অতিরিক্ত শূন্যপদ তৈরি করে এভাবে চাকরি দেওয়া যায়না বলে মন্তব্য করেছেন বিচারপতি বসু।

তবে অতিরিক্ত শূন্যপদে নিয়োগের সিদ্ধান্তের প্রেক্ষিতে দুর্নীতি এবং সিবিআই তদন্তের আর্জির বিষয়গুলি নিয়ে পরবর্তীকালে আদালত সিদ্ধান্ত গ্রহণ করবে বলে জানিয়েছেন বিচারপতি বিশ্বজিৎ বসু। ওই মামলার পরবর্তী শুনানি আগামী জানুয়ারি মাসে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের সবকিছুই আইন বিরোধী বলে বিজেপি অভিযোগ করেছে। আজ দিল্লিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্য বিজেপি সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য বলেন, সরকার মেধাকে মর্যাদা দিয়ে স্বচ্ছতার সঙ্গে কোন কিছুই করতে পারে না।

প্রাথমিক শিক্ষকদের নিয়োগ বহাল রাখা সম্পর্কে শমাইকবাবু বলেন, আদালতের ওই রায় - স্ববিরোধিতায় ভরা। কোন যোগ্য ব্যক্তি বঞ্চিত হোক তা বিজেপি চায়না বলেও রাজ্য বিজেপি সভাপতি মন্তব্য করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন প্রান্তে পুলকার দুর্ঘটনার প্রেক্ষিতে পরিবহণ দফতর কঠোর পদক্ষেপ নিতে চলেছে। স্কুল কর্তৃপক্ষ এবং পুলকার মালিকদের জন্য কঠোর নিয়ম নীতি চালু করা হবে বলে পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্ৰবৰ্তী জানিয়েছেন। খুব শীঘ্ৰই পরিবহণ দফতর - শিক্ষা বিভাগ, পুলিশ, বিদ্যালয় কর্তৃপক্ষ, অভিভাবক সংগঠন এবং পুল কার মালিকদের সঙ্গে যৌথ বৈঠকে বসে নতুন একগুচ্ছ নিয়মাবলী ঘোষণা করবে। পরিবহণ দফতর সূত্রে জানা গিয়েছে, পুলকার বা স্কুলবাসের ক্ষেত্রে বৈধ কাগজপত্র, ফিটনেস সার্টিফিকেট এবং লোকেশন ট্র্যাকিং ডিভাইস রাখা অপরিহার্য করা হবে। পাশাপাশি গাড়িতে থাকতে হবে বাইরে থেকে দৃশ্যমান কাচ, যথেষ্ট আলো, ব্যাগ রাখার নির্দিষ্ট ব্যবস্থা, প্রত্যেক সিটে সিটবেল্ট, ফাস্ট এইড বক্স এবং অগ্নি-নির্বাপক ব্যবস্থা।

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের দুর্গাপুর এনআইটিতে আগামী ৮ এবং ৯ ডিসেম্বর হতে চলেছে ২০২৫ এর স্মার্ট ইন্ডিয়া সফটওয়্যার হ্যাকাথন গ্যাল্প ফিনালে। এআইসিটি এবং কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের উত্তীবনী বিভাগ আয়োজিত এই প্রতিযোগিতায় ২০ টি দলে মোট ১২০ জন ছাত্র ছাত্রী অংশ নিচ্ছেন। প্রতিটি টিমে থাকছেন ১ জন ছাত্রী সহ মোট ৬ জন।

এনআইটির মেকানিকাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক শিবেন্দু শেখর রায় জানিয়েছেন, মূলত ট্রাঙ্গপোর্ট ইনজিনিয়ারিং এর সফটওয়্যার ডেভলপমেন্ট নিয়েই এই হ্যাকাথন। কেরল মেট্রো রেলের ট্রাঙ্গপোর্ট সফটওয়্যার ডেভলপমেন্ট এবং কেরলে পরিযায়ী শ্রমিকদের স্বাস্থ্য সংক্রান্ত বিষয় থাকছে। মোট চারটি বিভাগে বিজয়ীদের দেড় লক্ষ টাকা করে পুরস্কার দেওয়া হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভার্চুয়ালি প্রতিযোগী এবং শিক্ষকদের সংগে মত বিনিময়ের কথা আছে বলে অধ্যাপক রায় জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

ইস্টবেঙ্গল সুপার কাপ ফুটবলের ফাইনালে উঠেছে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে আজ প্রথম সেমিফাইনালে ইস্টবেঙ্গল ৩-১ গোলে পাঞ্জাব এফ সি কে হারিয়ে দিয়েছে। ইষ্টবেঙ্গলের হয়ে গোল করেন মহম্মদ রশিদ, কেভিন সিবিল এবং সাউল ক্রেসপো।

০০০০০০০০০০০০০০০০

হায়দরাবাদে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটে বাংলা সাত উইকেটে সার্ভিসেস কে হারিয়ে দিয়েছে। সার্ভিসেস প্রথমে ব্যাট করে ১৬৫ রান সংগ্রহ করেছিল। মহম্মদ শামি চারটি উইকেট নেন। জবাবে বাংলা তিন উইকেটে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০